37

তারিখ 12 JAN 1996
পৃষ্ঠা 7 কলাম 4

দৈনিক বাংলা

## নগরীর আটটি সরকারী স্কুলে প্রচণ্ড ভিড় ঃ যানজট

# ভর্তি পরীক্ষায় তীব্র প্রতিদ্বন্দ্বিতা ঃ উদ্বিগ্ন অভিভাবক

**মুজতবা খন্দকার**'ঃ অভিভাবকদের উদ্বেগ উৎকণ্ঠার মধ্য দিয়ে বৃহস্পতিবার রাজধানীর ৮টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এইসব স্কুলে প্রায় ১৫শ' ৯০টি সীটের বিপরীতে প্রায় ৪ হাজার ৫শ' ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষা দিয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে এসব ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবার সময় পরীক্ষা কেন্দ্রের বাইরে অভিভাবকদের ভীড় ছিল উল্লেখ করার মতো। অভিভাবকদের মধ্যে ছিল উৎকণ্ঠা আর উদ্বেগ। দেখে মনে হচ্ছিল পরীক্ষা তারাই দিচ্ছেন। সন্তান কেমন করে পরীক্ষায় ভর্তি হতে পারবে কি পারবে না এই ভয়ে সারাক্ষণ অভিভাবকদের বুক দুরু দুরু করছিল।

গতকাল যেসব স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে সেগুলো হচ্ছে সরকারী বিজ্ঞান কলেজ, মোহাম্মদপুর সরকারী উচ্চবিদ্যালয়, খিলগাঁও সরকারী কলেজ, আর্মানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর বালিকা বিদ্যালয় ও গার্লর্স হাইস্কুল।

মিরপুর থেকে সন্তানের ভর্তি পরীক্ষা দেখতে এসেছেন আব্দুল মান্নান। তার ছেলে ক্লাস থ্রীতে ভর্তি হবার জন্য মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়ে পরীক্ষা দিচ্ছে। তিনি জানান, এরপর মনিপুর উচ্চ বিদ্যালয়েও পরীক্ষা দেবে। এর আগে বেসরকারী কয়েকটি স্কুলে ভর্তি পরীক্ষা দিয়েছে। আব্দুল মান্নান জানান এখনও নিশ্চিত নন তিনি যে তার ছেলে কোথায় ভর্তি হতে পারবে। ব্যবসায়ী আবু আব্বাস, চাকরিজীবী-রহমান সবাই এসেছেন সন্তানদের ভর্তি পরীক্ষা দেখতে। স্বেচ্ছাসেবী সংগঠনের একজন চাকরিজীবী অনীমা সেন জানান তার ছেলে তাপস ক্লাস ওয়ানে ভর্তি পরীক্ষা দিচ্ছে এর আগে কয়েকটি স্কুলে পরীক্ষা দিয়েছে স্কুলগুলির নাম প্রকাশ না করে তিনি বলেন একটি স্কুলে এখন অপেক্ষমান রয়েছে। তিনি জানান আরও কয়েকটি স্কুলে তাপস ভর্তি পরীক্ষা দেবে। মোহাম্মদপুরের বিজলী মহল্লা থেকে পরীক্ষা দিতে এসেছে রাজীব বয়স ৮/৯। জানতে চাইলাম কেমন পরীক্ষা হয়েছে? রাজীব জানালো অংকে পরীক্ষা ভাল হয়েছে বাংলার প্রশ্ন ছিল বিদঘুটে। ভাল লিখতে পারিনি।

(৮-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## ভর্তি পরীক্ষায় তীব্র প্রতিদ্বন্দ্বিতা

মোহাম্মদপুর উচ্চ বিদ্যালয়ে প্রায় ১শ' ২৫ সীটের বিপরীতে ৫শ'-এর বেশী ফরম বিক্রি হয়েছে। এসব স্কুলে প্রথম, ৬ষ্ঠ ও নবম শ্রেণীতে ছাত্র ভর্তি করা হবে।

খিলগাঁও স্কুলের ভর্তি পরীক্ষা গতকাল অনুষ্ঠিত হয়েছে। এই স্কুলে প্রথম শ্রেণীতে ৫৫, ৬ষ্ঠ শ্রেণীতে ১৩০ এবং নবম শ্রেণীতে ২৫টি আসনে ছাত্র ভর্তি করা হবে। এইসব শ্রেণীর প্রায় ৮শ' ফরম বিক্রি হয়েছে। শেরে বাংলা সরকারী বালিকা বিধ্যালয়ের ৬ষ্ঠ সপ্তম, অষ্টম শ্রেণীতে সীট রয়েছে ২৩৩টি। ভর্তি পরীক্ষা দিয়েছে প্রায় শোয়া পাঁচশ'।

গতকাল বুধবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার সময়ে স্কুলগুলির আশেপাশের রাস্তায় তীব্র জানযটের সৃষ্টি হয়। অভিভাবকদের সঙ্গে আলাপ করে জানা গেছে তাদের সন্তান-সন্ততিরা কমপক্ষে ৪/৫টি স্কুলে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে। ফরম নিয়ে ও জমা দিয়ে সে ব্যবস্থা তারা করে রেখেছেন।

দূরের স্কুল এই অভিভাবকদের নিকট কোন সমস্যা নয়। তারা চান ভাল স্কুলে নিজেদের সন্তানদের ভর্তি করাতে এই ভর্তি করানোর জন্য তাদের প্রয়াসে কোন ক্লান্তি নেই।